গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকাঃ ২য় কোয়ার্টার (১ অক্টোবর ২০২৩ হতে ৩১ ডিসেম্বর ২০২৩)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১. | ওয়েবসাইটে এমআরপি/এমআরভি অনুসন্ধান ও ই-মেইলে তথ্য প্রদান ০১/০৪/২০১০ খ্রিঃ। | অধিদপ্তরের ওয়েব সাইটের মাধ্যমে এমআরপি এবং এমআরভি এর অনুসন্ধান প্রক্রিয়া চালু করা হয়েছে। অফিসে না এসেই পাসপোর্ট ও ভিসা প্রার্থীগণ ইন্টারনেট এর মাধ্যমে তাদের আবেদনপত্রের অবস্থান, পাসপোর্ট তৈরি হয়েছে কিনা ইত্যাদি জানতে পারেন। এতে পাসপোর্ট ও ভিসা ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে এবং জনসেবা নিশ্চিত হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | http://www.passport.gov.bd/ | |
| ২. | সাপোর্ট সেলের মাধ্যমে অনলাইনে দেশে ৭১ টি অফিসে ও বিদেশস্থ ৭২টি বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল পাসপোর্ট ও ভিসা কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান। ০১/০৪/২০১০ খ্রি: | অধিদপ্তরের প্রধান কার্যালয়ে একটি "সাপোর্ট" সেল স্থাপন করা হয়েছে। দেশের অভ্যন্তরে ৭১ টি অফিস ও বিদেশস্থ ৭২টি মিশন/দূতাবাসে এমআরপি ও এমআরভি সংশ্লিষ্ট যেকোন সমস্যা উদ্ভুত হলে সাপোর্টে ই-মেইল প্রেরণ করা হয়। সাপোর্ট তাৎক্ষণিক টিকিট ইস্যু করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ই-মেইলের ভিত্তিতে দ্রুত সমস্যার সমাধান দেন। এই ব্যবস্থায় সংশ্লিষ্ট অফিসসমূহকে পত্র প্রেরণ এবং পত্র প্রাপ্তি সাপেক্ষে সমাধানের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হয় না। | হ্যাঁ | হ্যাঁ | support@passport.gov.bd | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ৩. | মোবাইল এসএমএস সার্ভিস ০১/০৪/২০১০ খ্রি: | মেশিন রিডেবল পাসপোর্টের আবেদনের স্ট্যাটাস মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানোর ব্যবস্থা করা হয়েছে। আবেদনকারীগণ ২৬৯৬৯ নাম্বারে এসএমএস করে আবেদনপত্রের অবস্থান, পাসপোর্ট তৈরি হয়েছে কিনা ইত্যাদি জানতে পারেন। তাছাড়া, পাসপোর্ট তৈরী হলে স্বয়ংক্রিয়ভাবে আবেদনকারীর মোবাইলে এসএমএস করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ৪. | ফেসবুক পেজের মাধ্যমে সমস্যা সমাধান ০১/০৪/২০১৫ খ্রি: | প্রতিটি বিভাগীয় এবং আঞ্চলিক পাসপোর্ট অফিসের ফেসবুক পেজ চালু করা হয়েছে। এর মাধ্যমে পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত সমস্যাবলী সম্পর্কে কর্তৃপক্ষ সহজে অবহিত হয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারেন। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ৫. | ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন ২৯/১২/২০১৬ খ্রি: | পাসপোর্ট সেবা প্রার্থীদের জন্য অফিসের দর্শনীয় স্থানে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের মাধ্যমে আবেদনপত্র পূরণের প্রয়োজনীয় শর্ত ও তথ্যাবলী প্রর্দশন করা হচ্ছে। ফলে পাসপোর্ট ও ভিসা সেবা প্রার্থীদের প্রয়োজনীয় তথ্যের জন্য অন্য কারো সহায়তা প্রয়োজন হয় না। আবেদনকারী নিজেই প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে পাসপোর্ট ও ভিসার আবেদন জমা করতে পারছেন। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ৬. | প্রবাসী বাংলাদেশিদের নিকট কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কম সময়ে পাসপোর্ট প্রেরণ ০২/০৪/২০১৭ খ্রি: | প্রবাসী বাংলাদেশিদের পাসপোর্ট পেতে দীর্ঘ বিলম্বের বিষয়টি বিবেচনা করে বেসরকারি কুরিয়ার সার্ভিস ফেডারেল এক্সপ্রেসের মাধ্যমে গত ২ এপ্রিল ২০১৭ খ্রিঃ থেকে বিদেশস্থ মিশনসমূহে ৩ থেকে ৫ দিনের মধ্যে পাসপোর্ট প্রেরণ করা হচ্ছে। এতে প্রবাসী বাংলাদেশিদের পাসপোর্ট প্রাপ্তির উৎকন্ঠা দূর হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ৭. | আই পি ফোনের মাধ্যমে দাপ্তরিক যোগাযোগের ব্যবস্থা ১০/০৯/২০১৮ খ্রি: | আইপি ফোনের মাধ্যমে সকল বিভাগীয়/আঞ্চলিক অফিসের সাথে যোগাযোগের ব্যবস্থা করা হয়েছে। এতে আওতাধীন অফিসসমূহের কার্যক্রম তদারকি করা সহজতর হয়েছে এবং অফিসে কর্মকর্তা/কর্মচারীদের যথসময়ে হাজিরা নিশ্চিত করা সম্ভব হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ৮. | পাসপোর্ট আবেদনের ক্ষেত্রে অনলাইন এপয়ন্টমেন্ট সিস্টেম চালুকরণ ২২/০১/২০২০ খ্রি: | ই-পাসপোর্ট আবেদন দাখিলের জন্য "অনলাইন এপয়েন্টমেন্ট সিস্টেম" চালু করা হয়েছে, যা ওয়েব পোর্টালের (http://epassport.gov.bd/) মাধ্যমে ব্যবহার করা যাবে। আবেদনকারী তার সুবিধাজনক সময়ে আবেদন দাখিলের জন্য অনলাইনে এপয়েন্টমেন্ট গ্রহণ করতে পারেন। আবেদনকারীকে সংশ্লিষ্ট অফিসে ইন্টারভিউ ও বায়োমেট্রিক এনরোলমেন্টের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হবে না। | হ্যাঁ | হ্যাঁ | http://epassport.gov.bd/ | |
| ৯. | সুপার এক্সপ্রেস পাসপোর্ট ডেলিভারি সার্ভিস চালুকরণ ২২/০১/২০২০ খ্রি: | অতি জরুরি ফি প্রদান সাপেক্ষে রি-ইস্যু আবেদনে ৪৮ ঘন্টায় পাসপোর্ট প্রদান করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ১০. | ইলেক্ট্রনিক কিউ সিস্টেম স্থাপন ২০/০১/২০২০ খ্রি: | সেবা নিতে আগত শতাধিত সেবা গ্রহীতাকে সুশৃঙ্খলভাবে যথাসময়ে সেবা প্রদান সম্ভব হতো না। সেবা গ্রহীতাকে দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হতো। অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ ২৫ টি অফিসে ই-কিউ ব্যবস্থা চালু করা হয়েছে। | চলমান | হ্যাঁ | | |
| ১১. | হজ্বযাত্রীদের জরুরি পাসপোর্ট প্রদানের লক্ষ্যে বিশেষ বুথ স্থাপন ০২/০৩/২০২০ খ্রি: | পবিত্র হজ্বে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তিদের জরুরি ভিত্তিতে পাসপোর্ট প্রদানের লক্ষ্যে আওতাধীন অফিসসমূহে বিশেষ বুথ স্থাপন করা হয়েছে। এ বুথের মাধ্যমে হজ্ব যাত্রীদের পাসপোর্ট আবেদন গ্রহণ ও বিতরণ করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়া টি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১২. | ই-পাসপোর্ট মোবাইল এনরোলমেন্ট ইউনিট চালুকরণ ১৫/১০/২০২০ খ্রি: | গুরুতর অসুস্থ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের ই-পাসপোর্ট সেবা প্রাপ্তি সহজিকরণের লক্ষ্যে অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহে মোবাইল এনরোলমেন্ট ইউনিট সৃজন করা হয়েছে। মোবাইল এনরোলমেন্ট টিম প্রেরণের মাধ্যমে গুরুতর অসুস্থ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের পাসপোর্ট আবেদন কার্যক্রম সম্পন্ন করা হবে। ফলে গুরুতর অসুস্থ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিগণ অফিসে না এসে পাসপোর্ট সেবা গ্রহণ করতে পারবেন। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ১৩. | প্রধান কার্যালয়ে ডিপ্লোমেটিক পাসপোর্ট সেন্টার স্থাপন ১৫/১২/২০২১ খ্রি: | ডিপ্লোমেটিক পাসপোর্ট ইস্যু সহজিকরণের লক্ষ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে একটি ডিপ্লোমেটিক পাসপোর্ট সেন্টার স্থাপন করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ১৪. | পার্সোনালাইজেশন সেন্টারের রিপোর্টিং কার্যক্রম ডিজিটাইজকরণ ২৭/১২/২০২১ খ্রি: | মেশিন রিডেবল পাসপোর্ট প্রিন্ট সংক্রান্ত কার্যক্রম সঠিক সময়ে সমাধান করার লক্ষ্যে পার্সোনালাইজেশন সেন্টারের রিপোর্টিং কার্যক্রম ডিজিটাইজকরা হয়েছে। মেশিন রিডেবল পাসপোর্ট মুদ্রণ, কোয়ালিটি কন্ট্রোল এবং প্রেরণ সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করা হচ্ছে বিধায় সেবা গ্রহীতাদের নিকট এম আর পি পাসপোর্ট দ্রুত পৌছানো সম্ভব হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ১৫. | অনলাইনের পাসপোর্টের আবেদন ও তথ্য যাচাইকরণ ২২/০১/২০২২ খ্রি: | পৃথক ওয়েব পোর্টালের (https://www.epassport.gov.bd/authorization/application-status) মাধ্যমে অনলাইনে ই-পাসপোর্ট আবেদনের ব্যবস্থা করা হয়েছে। ফলে আবেদনকারী নিজেই নির্ভুলভাবে আবেদনপত্রে প্রয়োজনীয় তথ্য সংযোজন করতে পারছেন। | হ্যাঁ | হ্যাঁ | https://www.epassport.gov.bd/authorization/application-status | |
| ১৬. | তথ্য সেবা প্রদান করার উদ্দেশ্যে প্রধান কার্যালয়ে কিয়স্ক মেশিন স্থাপন ১৫/০২/২০২২ খ্রি: | প্রধান কার্যালয়ে আগত পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত প্রয়োজনীয় সকল তথ্য প্রদানের লক্ষ্যে প্রধান কার্যালয়ে কিয়স্ক মেশিন স্থাপন করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১৭. | পাসপোর্ট ও ভিসা তথ্য সহায়িকা এ্যাপস ১৫/০৩/২০২২ খ্রিঃ | জনসাধারণকে পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত তথ্য সরবরাহ করার জন্য পাসপোর্ট ও ভিসা তথ্য সহায়িকা এ্যাপস চালু করা হয়েছে। এর ফলে জনসাধারণ তাৎক্ষণিকভাবে পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে পারছেন। | হ্যাঁ | হ্যাঁ | Google Play Store: https://play.google.com/store/apps/details?id=com.dip.gov IOS App Store: https://apps.apple.com/us/app/bd-passport-visa-info/id6447115474 | |

27/12/23
সচিব কুমার আইন
সহকারী পরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

27.12.23
মোক্তার হোসেন
উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

27.12.23
Mostafijur Rahman
Assistant System Analyst
Department of Immigration & Passport
Government of the People's
Republic of Bangladesh
Dhaka.

27/12/2023
BILKIS AFROZA SIDDIKA
Deputy Director
Dept. of Immigration & Passports
Government of the People's
Republic of Bangladesh
Dhaka

27/12/2023
Md. Salah Uddin
Deputy Director
Department of Immigration and Passports
Government of the People's Republic of Bangladesh
Dhaka.

27.12.23
বিপুল কুমার গোস্বামী
উপপরিচালক (অর্থ ও নিরীক্ষা)
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

27/12/23
শাহ মুহাম্মদ ওয়ালিউল্লাহ্
উপ-পরিচালক (প্রশাসন)
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

27-12-23
নাদিরা আক্তার
উপপরিচালক (ভিসা)
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ঢাকা

27/12/23
এ কে এম [illegible] ইসলাম
পরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা